

## ঢাকা বোর্ডের এইচএসসি পদার্থ বিজ্ঞানে ১৫ মিনিট কম পরীক্ষা দিয়েছে শিক্ষার্থীরা

### যুগান্তর রিপোর্ট

এইচএসসিতে ঢাকা বোর্ডে সোমবারের পরীক্ষায় কিছু কেন্দ্রে ছাত্রছাত্রীরা ১৫ মিনিট কম সময় পরীক্ষা দিয়েছে। প্রসঙ্গত্রে ভুলসময় উল্লেখ থাকায় এমন দুর্ঘটনা ঘটে। তবে এরজন্য শিক্ষার্থীরা কোনো ক্ষতিগ্রস্ত হবে না বলে জানিয়েছেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার। এইচএসসিতে যেসব বিষয়ে ব্যবহারিক আছে, সেসবে তত্ত্বীয় পরীক্ষার সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট। কিন্তু ভুলক্রমে ২৪ এপ্রিলে অনুষ্ঠিত পদার্থ বিজ্ঞান প্রথম পত্রের প্রথমে লেখা ছিল ২ ঘণ্টা ২০ মিনিট। এটা দেখে বিভিন্ন কেন্দ্রে ২ ঘণ্টা ৩৫ মিনিটের পরিবর্তে উল্লিখিত সময়ে পরীক্ষা নেয়া হয়। রাজধানীর তেজগাঁও কলেজ, নারায়ণগঞ্জের তোলায়াম কলেজ এবং বিশাখারাজের আশেক মাহমুদ কলেজসহ বেশকিছু কেন্দ্রে এমনটি ঘটেছে। এর ফলে শিক্ষার্থীরা গোটা প্রশ্নের উত্তর ঠিকমতো দিতে পারেনি। ফলে পরীক্ষার্থীদের অনেকে কান্নায় ভেঙে পড়েন। অনেকে যুগান্তরে টেলিফোনে বিষয়টি জানান। তেজগাঁও কলেজে রাজধানীর হলিক্রস কলেজের ছাত্রীদের আসনব্যবস্থা হয়েছিল বলে জানা গেছে। ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার বলেন, প্রশ্নে মডারেটর ও সেটারের অবহেলার কারণেই এমনটি হয়ে থাকতে পারে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

ব্যানার্বেইস পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিচালনা বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	স্বাক্ষর